ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হবিগঞ্জের সিভিল সার্জন মারা গেলেন

ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হবিগঞ্জের সিভিল সার্জন ডা. শাহাদাত হোসেনের মৃত্যু হয়েছে। রবিবার (২১ জুলাই) রাত সাড়ে ১০টার দিকে রাজধানীর শহীদ সোহরাওয়ার্দী মেডিক্যাল কলেজ হাসপাতালের চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন। ডা. শাহাদাতের গ্রামের বাড়ি পিরোজপুর জেলায়।
হবিগঞ্জ সদর হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. রথীন্দ্র চন্দ্র দেব বলেন, ‘ডা. শাহাদাত ডেঙ্গু জ্বরে আক্রান্ত ছিলেন। রবিবার সকালের দিকে অফিস করেন তিনি। এরপর জেলা প্রশাসকের কার্যালয়ে একটি সভায় অংশ নেন। এ সময় অসুস্থবোধ করলে তিনি বাসায়ে চলে যান। বিকালের দিকে তাকে হবিগঞ্জ জেলা সদর হাসপাতালে ভর্তি করা হয়। এরপর শারীরিক অবস্থার অবনতি ঘটলে কর্তব্যরত চিকিৎসকরা তাকে ঢাকায় পাঠান। রাত সাড়ে ১০টার দিকে ঢাকার সোহরাওয়ার্দী মেডিক্যাল কলেজ হাসপাতালে পৌঁছালে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।।’ গত ৯ জুলাই পদোন্নতি পেয়ে হবিগঞ্জের সিভিল সার্জন হিসেবে যোগদান করেন ডা. শাহাদাত। যোগদানের ১৩ দিনের মাথায় তিনি মারা যান। তার মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে সিভিল সার্জন অফিসের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে।